
ORGANIC CONTENT PROPOSAL · নভেম্বর ২০২৬

Global Trails

চিকিৎসা আর যাত্রার গল্প: থাইল্যান্ডের মেডিকেল ভিসা থেকে পরিবারের ট্যুর পর্যন্ত



প্রস্তুত করেছেন

Asif Afzal · Content Creator & Video Strategist

যা দেখলাম

আপনাদের শক্তি আর যাত্রীর মনের ভয়

Global Trails যা দেয়

- থাইল্যান্ডসহ নানা দেশের মেডিকেল, ট্যুরিস্ট ও বিজনেস ভিসা
- এয়ার টিকিট, হোটেল বুকিং আর কাস্টম ট্যুর প্যাকেজ
- উমরাহ প্যাকেজ আর পরিবারের হলিডে
- ধানমন্ডিতে অফিস, ২৪/৭ সাপোর্টের প্রতিশ্রুতি

যাত্রী মনে মনে যা ভাবে

“ভিসার কাগজে একটা ভুল হলেই সব শেষ।”

“রোগীর সাথে গিয়ে আমি থাকব কোথায়?”

“বয়স্ক মা-বাবাকে নিয়ে বিদেশে কীভাবে সামলাব?”

চিকিৎসা হাসপাতাল দেয়, যাত্রাটা সহজ করে আপনারা।

গল্পের ফর্মুলা

প্রতিটা কনটেন্ট এই পাঁচ ধাপে এগোবে

০১

লাইফস্টাইল

পরিবার, বাসা, চেনা একটা মুহূর্ত

০২

সমস্যা

অসুস্থতা, আর সাথে বিদেশ যাওয়ার ঝামেলা

০৩

আটকে যাওয়া

কাগজ, টিকিট, থাকার জায়গা

০৪

সমাধান

Global Trails সব গুছিয়ে দেয়

০৫

CTA

কমেন্টে “ভিসা” বা WhatsApp

৮০% গল্প, ২০% ব্র্যান্ড। গল্পের নায়ক যাত্রী আর তার পরিবার; Global Trails থাকবে পাশে দাঁড়ানো গাইড হিসেবে।

কনটেন্ট আইডিয়া ০১ · কাগজপত্রের ভয়

অপারেশনের তারিখ ঠিক, ভিসা নেই

হুক · প্রথম ৩ সেকেন্ড

"আব্বার অপারেশনের তারিখ ঠিক হয়ে গেছে। অথচ ভিসার ফাইল তিনবার ফেরত এসেছে।"

গল্পটা যেভাবে এগোবে

1. রাতে টেবিলে ছড়ানো কাগজ: হাসপাতালের চিঠি, ব্যাংক স্টেটমেন্ট, ছবি
2. কোনটা লাগবে, কোনটা ভুল, কেউ পরিষ্কার বলে না
3. এক আত্মীয়ের পরামর্শে Global Trails-এর অফিসে, একটা চেকলিস্ট হাতে
4. কিছুদিন পর পাসপোর্টে ভিসা, আব্বা আর ছেলে এয়ারপোর্টে

শেষে Global Trails

থাইল্যান্ডের মেডিকেল ভিসা: কাগজ গোছানো থেকে ফলো-আপ পর্যন্ত

ফরম্যাট: POV স্টোরি রিল + শেষে ডকুমেন্ট চেকলিস্ট কার্ড · ৬০ সেকেন্ড

কনটেন্ট আইডিয়া ০২ · সঙ্গীর ভয়

রোগীর সাথে যিনি যান, তার গল্প

হুক · প্রথম ৩ সেকেন্ড

“চিকিৎসা আম্মার। কিন্তু হোটেল, খাবার, যাতায়াত, সবকিছুর দায়িত্ব আমার একার।”

গল্পটা যেভাবে এগোবে

1. অফিসে ছুটির দরখাস্ত লিখছে এক মেয়ে, মাথায় হাজারটা চিন্তা
2. হাসপাতাল থেকে দূরে হোটেল, অচেনা শহর, হালাল খাবার খোঁজা
3. পরের বার সব আগে থেকে ঠিক: হাসপাতালের কাছে হোটেল, টিকিট, ট্রান্সফার
4. এবার মেয়েটা আম্মার পাশে বসে শুধু আম্মার হাত ধরে আছে

শেষে Global Trails

রোগী আর সঙ্গীর ভিসা, টিকিট আর হাসপাতালের কাছে হোটেল

ফরম্যাট: “আগে বনাম পরে” লাইফস্টাইল ভ্লগ · স্প্লিট স্ক্রিন, ৪৫ সেকেন্ড

কনটেন্ট আইডিয়া ০৩ · ক্লান্তির গল্প

সুস্থ হওয়ার পর ছোট্ট একটা বিরতি

হুক · প্রথম ৩ সেকেন্ড

“ছয় মাস শুধু হাসপাতাল আর রিপোর্ট।
পরিবারটা যেন হাসতেই ভুলে গিয়েছিল।”

গল্পটা যেভাবে এগোবে

1. ফ্ল্যাশব্যাক: হাসপাতালের করিডোর, ঘুমহীন রাত, ওষুধের প্যাকেট
2. চিকিৎসা শেষ, ডাক্তারের অনুমতিতে পরিবারের ছোট একটা ছুটির পরিকল্পনা
3. শান্ত সমুদ্র, ধীর সকাল, অনেকদিন পর সবাই একসাথে হাসছে
4. শেষ শট: পরিবারের একটা ছবি, “আমরা আবার একসাথে”

শেষে Global Trails

পরিবারের মাপে বানানো কাস্টম ট্যুর প্যাকেজ

ফরম্যাট: সিনেমাটিক ট্রাভেল রিল · গরম রঙ, নরম মিউজিক, ৩০–৪৫ সেকেন্ড

কনটেন্ট আইডিয়া ০৪ · বয়সের ভয়

হাঁটুতে ব্যথা, তবু উমরাহর স্বপ্ন

হুক · প্রথম ৩ সেকেন্ড

“আম্মা হাঁটতে কষ্ট পান। তবু সারাজীবনের স্বপ্ন, একবার উমরাহ করবেন।”

গল্পটা যেভাবে এগোবে

1. জায়নামাজে বসা মা, পাশে পুরনো একটা ছবি
2. ছেলের দুশ্চিন্তা: এত হাঁটা, এত ভিড়, আম্মা পারবেন তো?
3. পরিকল্পনা হয় মায়ের মাপে: কাছের হোটেল, গাইড, ধীর সময়সূচি
4. শেষ দৃশ্যে মা-ছেলে একসাথে, মায়ের চোখে কৃতজ্ঞতা

শেষে Global Trails

গাইডসহ উমরাহ প্যাকেজ, বয়স্কদের সুবিধা মাথায় রেখে সাজানো

ফরম্যাট: ইমোশনাল স্টোরি রিল · ছেলের ভয়েসওভার, ৬০ সেকেন্ড

কনটেন্ট আইডিয়া ০৫ · রিজেক্টের ভয়

একটা ছোট ভুলে ভিসা রিজেক্ট

হুক · প্রথম ৩ সেকেন্ড

“আমার প্রথম থাইল্যান্ড ভিসা রিজেক্ট হয়েছিল একটা ছোট্ট ভুলে। আপনি সেই ভুলটা করবেন না।”

গল্পটা যেভাবে এগোবে

1. রিজেক্ট লেটার হাতে হতাশ এক তরুণ, পেছনে অপেক্ষায় পরিবার
2. স্ক্রিনে একে একে আসে সাধারণ ভুলগুলো, প্রতিটা ছোট উদাহরণসহ
3. দ্বিতীয়বার এক্সপার্ট দিয়ে ফাইল চেক, সব ঠিকঠাক জমা
4. ভিসা হাতে হাসি, “এবার আর ভুল নয়”

শেষে Global Trails

জমা দেওয়ার আগে পুরো ফাইল এক্সপার্ট দিয়ে চেক

ফরম্যাট: টকিং হেড + টেক্সট লিস্ট মোশন গ্রাফিক্স · সেভ করার মতো শিক্ষামূলক রিল

মাসিক ক্যালেন্ডার

মাসে ১০টি কনটেন্ট যেভাবে সাজাব

সপ্তাহ ১

- স্টোরি রিল: আইডিয়া ০১
- মেডিকেল ভিসার চেকলিস্ট কার্ডসেল
- বিহাইন্ড দ্য সিন: অফিস ও টিম

সপ্তাহ ২

- স্টোরি রিল: আইডিয়া ০২
- যাত্রীর অভিজ্ঞতা (সম্মতিসহ)

সপ্তাহ ৩

- স্টোরি রিল: আইডিয়া ০৩
- প্রশ্ন-উত্তর: ভিসায় কত দিন লাগে
- স্টোরি রিল: আইডিয়া ০৪

সপ্তাহ ৪

- শিক্ষামূলক রিল: আইডিয়া ০৫
- যাত্রীর অভিজ্ঞতা বা সেরা কমেন্টের উত্তর

৫ স্টোরি রিল | **২ শিক্ষামূলক** | **২ রিয়েল অভিজ্ঞতা** | **১ বিহাইন্ড দ্য সিন**

মার্কেটিং প্ল্যান

কনটেন্ট থেকে বুকিং পর্যন্ত

১ রিল দেখে থামে → ২ কমেন্টে লেখে “ভিসা” → ৩ ইনবক্সে চেকলিস্ট পায় → ৪ WhatsApp-এ কথা → ৫ ভিসা ও প্যাকেজ বুকিং

কোথায় পোস্ট

- Facebook Reels ও পেজ মূল চ্যানেল
- একই কনটেন্ট Instagram, YouTube Shorts, TikTok-এ
- LinkedIn-এ বিজনেস ভিসার কনটেন্ট

কীভাবে বাড়াব

- যে রিল অর্গানিকভাবে ভালো চলে, শুধু সেটাই বুস্ট
- উমরাহ ও ছুটির মৌসুমের আগে কনটেন্ট বাড়ানো
- প্রতিটা রিল থেকে স্টোরি ও কার্ডসেল

কী মাপব

- প্রথম ৩ সেকেন্ডে কতজন থামল
- সেভ আর শেয়ার
- কিওয়ার্ড কমেন্ট আর WhatsApp লিড

যাত্রীর ছবি বা গল্প শুধু লিখিত সম্মতিতে · “ভিসা নিশ্চিত” ধরনের কোনো প্রতিশ্রুতি নয় · সময় আর খরচের তথ্য শুধু আপনাদের নিশ্চিত করা তথ্য দিয়ে